গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা-১২১৯
www.ansarvdp.gov.bd

স্মারক নম্বর: ৪৪.০৩.০০০০.০০০.০২৭.২৪.০০০১.২২.৯০৩

তারিখ: ৩১ ভাদ্র ১৪৩৩ / ১৫ সেপ্টেম্বর ২০২৬

বিষয়: ৪৭ তম জাতীয় সমাবেশ-২০২৭ উপলক্ষ্যে ''মহাপরিচালকের প্রশংসাপত্র ও পুরস্কার'' এর প্রস্তাব প্রেরণ প্রসঙ্গে।
সূত্র: প্রশাসন শাখার স্মারক নং- ৪৪.০৩.০০০০.০১১.০২৭.০৮০.২৬-১২৬৯, তারিখ: ০৪/০৬/২০২৬ খ্রিস্টাব্দ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সদয় অবগতি ও কার্যক্রমের জন্য জানানো যাচ্ছে যে, ৪৭ তম জাতীয় সমাবেশ-২০২৭ উপলক্ষ্যে বাহিনীর কর্মরত কর্মকর্তা, কর্মচারী ও স্বেচ্ছাসেবী সদস্যদের সাহসিকতা, বীরত্বপূর্ণ ও সেবামূলক কাজের পাশাপাশি বুদ্ধিমত্তা, একনিষ্ঠতা, সততা, দূরদর্শিতা, দেশের প্রতি মমত্ববোধ প্রভৃতি ক্ষেত্রে দৃষ্টান্তমূলক অবদানের স্বীকৃতিস্বরূপ পুরস্কৃত করার নিমিত্তে ''মহাপরিচালকের প্রশংসাপত্র ও পুরস্কার'' প্রদান করা হবে।

২। ০১ নভেম্বর, ২০২৫ হতে ৩১ অক্টোবর, ২০২৬ খ্রিস্টাব্দের মধ্যে সংঘটিত কার্যক্রমের উপর ভিত্তি করে ''মহাপরিচালকের প্রশংসাপত্র ও পুরস্কার'' প্রদানের জন্য সাইটেশনসহ প্রস্তাব আগামী ১০/১১/২০২৬ খ্রিস্টাব্দের মধ্যে **(Nikosh 12 ফন্ট এ টাইপকৃত)** সফট কপি ddwelfare@ansarvdp.gov.bd ওয়েব মেইলে এবং হার্ডকপি ডাকযোগে ওয়েলফেয়ার শাখা, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

৩। সংশ্লিষ্ট ইউনিট প্রধানগণকে এতদসঙ্গে সংযুক্ত ''মহাপরিচালকের প্রশংসাপত্র ও পুরস্কার'' এর চেকলিস্ট এবং সূত্রপত্রের নীতিমালা মোতাবেক প্রস্তাব প্রেরণ করতে হবে। পদকের জন্য প্রস্তাবিত নাম প্রশংসাপত্রের জন্য প্রেরণ করা যাবে না।

৪। সংযুক্ত/মোতায়েনকৃত সদস্য/সদস্যাদের ''মহাপরিচালকের প্রশংসাপত্র ও পুরস্কার'' এর প্রস্তাব মাতৃইউনিট কর্তৃক সংশ্লিষ্ট রেঞ্জের মাধ্যমে সদর দপ্তরের ওয়েলফেয়ার শাখায় প্রেরণ করতে হবে এবং নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত প্রস্তাবসমূহ বাতিল বলে গণ্য হবে।

৫। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পত্র প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ
(১) ক্রোড়পত্র-ক,খ,গ

১৫-০৯-২০২৬
মোঃ মুরাদ হোসেন, পিভিএমএস
উপপরিচালক (রির্জাভ) এবং অতিরিক্ত দায়িত্ব-
উপপরিচালক (ওয়েলফেয়ার)
ফোন : ০১৩৩৫-৩০০৯৪৬
ইমেইল : ddwelfare@ansarvdp.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। কমান্ড্যান্ট, বাংলাদেশ আনসার ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর।।

২। উপমহাপরিচালক/পরিচালক (রেঞ্জের দায়িত্বপ্রাপ্ত), বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী,.....
.....।
৩। পরিচালক, ঢাকা মহানগর আনসার, নিকুঞ্জ, খিলক্ষেত, ঢাকা।
৪। ..... শাখা।

স্মারক নম্বর: ৪৪.০৩.০০০০.০০০.০২৭.২৪.০০০১.২২.৯০৩/১(১৪)

তারিখ: ৩১ ভাদ্র ১৪৩৩
১৫ সেপ্টেম্বর ২০২৬

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালক এর দপ্তর, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী।
২। উপমহাপরিচালক, প্রশাসন অনুবিভাগ, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী।
৩। উপমহাপরিচালক, অপারেশন অনুবিভাগ, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী।
৪। উপমহাপরিচালক, প্রশিক্ষণ অনুবিভাগ, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী।
৫। পরিচালক/ব্যাটালিয়ন অধিনায়ক, ... আনসার ব্যাটালিয়ন.....'
৬। পরিচালক, আনসার গার্ড ব্যাটালিয়ন, ভাটারা, ঢাকা।।
৭। আইন কর্মকর্তা/নির্বাহী প্রকৌশলী/পরিচালক (চিকিৎসা), বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
৮। উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), আইসিটি শাখা, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী (বাহিনীর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯। উপপরিচালক (সমন্বয়), মহাপরিচালক এর দপ্তর, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০। উপপরিচালক (শাখা প্রধান), বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
১১। জেলা কমান্ড্যান্ট, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী.....।
১২। জোন অধিনায়ক, ...মহানগর আনসার, পূর্ব/পশ্চিম/উত্তর/দক্ষিণ জোন।
১৩। অধিনায়ক, ভিটিসি/টিটিসি, কলাকোপা, নবাবগঞ্জ, ঢাকা/গাজীপুর/মানিকগঞ্জ।
১৪। নিয়ন্ত্রণ কক্ষ, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা (সকল ইউনিটে ইমেইল করার জন্য)।

১৫-০৯-২০২৬
মোঃ মুরাদ হোসেন, পিভিএমএস
উপপরিচালক (রির্জাভ) এবং অতিরিক্ত দায়িত্ব-
উপপরিচালক (ওয়েলফেয়ার)

'ক্রোড়পত্র-ক'

মহাপরিচালকের প্রশংসাপত্র ও পুরস্কারের চেক লিস্ট

১। যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রতিবছর ১০ নভেম্বর এর মধ্যে 'মহাপরিচালক এর প্রশংসাপত্র ও পুরস্কারের প্রস্তাব সদর দপ্তর ওয়েলফেয়ার শাখায় প্রেরণ করতে হবে।

২। আবেদনে অবশ্যই জাতীয় পরিচয়পত্র ও চাকুরীর নিয়োগ আদেশ অনুযায়ী নামের বানান সঠিকভাবে প্রেরণ করতে হবে। চাকুরীতে যোগদানের তারিখ, চাকুরীর মেয়াদ ও কর্মস্থলের ঠিকানা নির্ভুলভাবে প্রেরণ করতে হবে।

৩। মহাপরিচালকের প্রশংসাপত্র ও পুরস্কারের সাইটেশন সর্বোচ্চ ৩০০ (তিনশত) শব্দের মধ্যে লিখতে হবে।

৪। মহাপরিচালকের প্রশংসাপত্র ও পুরস্কারের সাইটেশনের হার্ডকপি, সদর দপ্তর, ওয়েলফেয়ার শাখায় ও Nikosh ফন্টে টাইপকৃত সফ্‌ট কপি ddwelfare@ansarvdp.gov.bd ঠিকানায় ওয়েব মেইল/সিডি/পেনড্রাইভের মাধ্যমে প্রেরণ করতে হবে।

৫। ইতঃপূর্বে কোনো পদক/পুরস্কার/মহাপরিচালক এর প্রশংসাপত্র পেয়ে থাকলে তার বিবরণ প্রেরণ করতে হবে।

৬। মহাপরিচালকের প্রশংসাপত্রের প্রস্তাবের সাথে আবেদনকারীর সদ্য তোলা ০২ কপি স্ট্যাম্প ও ০২ কপি পাসপোর্ট সাইজের সর্বমোট ০৪ কপি রঙ্গিন ছবি, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ছায়ালিপি ও মোবাইল নম্বর প্রেরণ করতে হবে। অস্পষ্ট, পুরনো ছবি কোনভাবেই গ্রহণযোগ্য নয়।

৭। আবেদনকারী মৃত হলে উত্তরাধিকারী/প্রতিনিধির বর্তমান ও স্থায়ী ঠিকানাসহ উত্তরাধিকারী/প্রতিনিধির সদ্য তোলা ০২ কপি স্ট্যাম্প ও ০২ কপি পাসপোর্ট এবং মৃত ব্যক্তির ০২ কপি পাসপোর্ট সাইজের ছবিসহ সর্বমোট ০৬ কপি রঙ্গিন ছবি, জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ছায়ালিপি ও মোবাইল নম্বর প্রেরণ করতে হবে।

২৫/০৯/২০২৬

'ক্রোড়পত্র-গ'

'মহাপরিচালকের প্রশংসাপত্র ও পুরস্কারের প্রস্তাব প্রেরণের ছক (ইউনিট কর্তৃক পূরণকৃত)

ক্রমিক	দপ্তর/কার্যালয়	পদবি, নাম, পিতার নাম, স্থায়ী ঠিকানা, চাকুরীতে ১ম যোগদানের তারিখ ও মোবাইল নম্বর	উল্লেখযোগ্য কাজের বিবরণ	বিবেচ্য সময়ে একই সাথে পদক/পুরস্কারের আবেদন করেছেন (হ্যাঁ/না)	পদক/পুরস্কারের আবেদন করলে তার বিবরণ

প্রস্তাবকারীর নাম, স্বাক্ষর ও তারিখ

সুপারিশকারীর নাম, স্বাক্ষরও তারিখ

***প্রয়োজনীয় সংযুক্তিসমূহঃ**

ক। পত্রিকায় প্রকাশিত খবরের কাটিং (যদি থাকে)।
খ। ঘটনা সংশ্লিষ্ট আলোকচিত্র/ভিডিও/অন্যান্য দলিল (যদি থাকে)।
গ। রেফারেন্স, বিবরণ ইত্যাদি।
ঘ। ঘটনাকালীন কর্মস্থলের নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র (প্রযোজ্য ক্ষেত্রে)।
ঙ। এছাড়াও অন্যান্য প্রমাণপত্র (যদি থাকে)।

২৫/০৯/২০২৬

'ক্রোড়পত্র-গ'

'মহাপরিচালকের প্রশংসাপত্র ও পুরস্কারের জন্য একাডেমি ও রেঞ্জ কমিটি কর্তৃক সুপারিশকৃতদের নামীয় তালিকা

ক্রমিক	দপ্তর/কার্যালয়	পদবি, নাম, পিতার নাম, স্থায়ী ঠিকানা, চাকুরীতে ১ম যোগদানের তারিখ ও মোবাইল নম্বর	উল্লেখযোগ্য কাজের বিবরণ	বিবেচ্য সময়ে একই সাথে পদক/পুরস্কারের আবেদন করেছেন (হ্যাঁ/না)	পদক/পুরস্কারের আবেদন করলে তার বিবরণ

সদস্য-সচিব | সদস্য | সভাপতি

২৫/০৯/২০২৬